ভোরের কাগজ

তারিখ ... 7 MAR 2003
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1

# বিসিএস প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় তদন্ত কমিটি

কাগজ প্রতিবেদক : ২৪তম বিসিএস-এর প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের তদন্তে অবশেষে সরকার তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে। তবে তদন্ত কমিটিতে কারা রয়েছেন সে বিষয়ে কিছু জানানো হয়নি।

ইতিপূর্বে সরকার এবং পিএসসি তদন্ত কমিটি গঠনের বিষয়ে বারবার আপত্তি জানালেও গতকাল পিএসসির এক সভায় এ তদন্ত কমিটি গঠন করা হয়।

প্রধান বিরোধী দল আওয়ামী লীগ গত মঙ্গলবার সংসদে প্রশ্নপত্র ফাঁসের তদন্ত কমিটি গঠন করার দাবি জানালে সরকার তা বাতিল করে দেয়।

পিএসসি প্রশ্নপত্র ফাঁসের শুরু থেকেই এ অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করে আসছিল।

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৬

## বিসিএস প্রশ্নপত্র

● প্রথম পাতার পর

এদিকে গতকাল এক প্রেসবিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বাতিলকৃত পরীক্ষা অনুষ্ঠানের তারিখ অতি শিগগিরই জাতীয় দৈনিক পত্রিকাসমূহের মাধ্যমে জানানো হবে। যেসব পরীক্ষার্থী ঐ পরীক্ষায় অবতীর্ণ হয়েছিলেন তাদেরকে পূর্বে প্রদত্ত প্রবেশপত্র সংরক্ষণ করার জন্য বলা হয়েছে।